গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৩৩২.১৮.০০০২.২৬.১৬৪

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩
১২ মে ২০২৬

**বিষয়: মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে ৩০ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর-এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে ৩০/০৪/২০২৬ তারিখ দুপুর ২:৩০ ঘটিকায় নাজিয়া সালমা ভবনের (১৯ নম্বর ভবন) সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (দুই পৃষ্ঠা)।

১২.০৫.২০২৬
(মিন্টু চৌধুরী)
উপসচিব
টেলিফোন : ৪৮১১৩৩৫১
E-mail: dsplandivco@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১ সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২ সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩ সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪ সদস্য (সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫ সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬ সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭ সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৮ সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯ সদস্য (সচিব), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১০ সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১১ ড. মো: কবির আহমেদ, ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১২ প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩ প্রধান (অতিরিক্ত সচিব), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪ মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা।
১৫ অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৬ মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. উপদেষ্টার একান্ত সচিব, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (**ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)।
৩. সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

**বিষয়: মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে ৩০ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী।**

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় এর মাননীয় উপদেষ্টা জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের আলোচনা সভা গত ৩০ এপ্রিল ২০২৬ তারিখ অনুষ্ঠিত হয়। সভায় পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ ব্যাংক, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)-এর উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (**পরিশিষ্ট-ক**)।

**২.০ আলোচনা:**

২.১ মাননীয় উপদেষ্টা মহোদয়ের অনুমতিক্রমে সচিব, পরিকল্পনা বিভাগ স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সচিব, পরিকল্পনা বিভাগ জানান যে, ২৯ মার্চ ২০২৬ তারিখে মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে এই সভা আহবান করা হয়েছে। তিনি আরও বলেন যে, চলমান প্রকল্পগুলো নির্বাচনী ইশতেহারের সঙ্গে সঙ্গতিপূর্ণ কিনা তা যাচাই বাছাইপূর্বক প্রস্তুতকৃত তালিকা ভৌত অবকাঠামো বিভাগ, শিল্প ও শক্তি বিভাগ এবং কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ থেকে পাওয়া গেছে। এ প্রস্তাবগুলো যাচাই-বাছাই করা হচ্ছে। আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের প্রস্তাবও খুব শীঘ্রই পাওয়া যাবে। উক্ত প্রস্তাবও যাচাই-বাছাই করা হবে। কোন ইকনোমিক মডেল কোন সেক্টরাল প্লানের সাথে সঙ্গতিপূর্ণ হবে এরকম কার্যক্রম গ্রহণে বিআইডিএস হতে জানানো হয়েছে যে, সেক্টরাল প্লান প্রণয়নের ক্ষেত্রে বিআইডিএস technical support প্রদান করবে। সেক্টরাল প্লান পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক প্রণয়নের ক্ষেত্রে বিআইডিএস গুরুত্বারোপ করেছে।

২.২ সভাপতি মহোদয় জানান যে, দ্রুত সেক্টরাল প্লান প্রণয়ন ও উপযোগী ইকনমিক মডেল সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। সেক্টরাল প্লান ও ইকনমিক মডেল প্রণয়নের ক্ষেত্রে সংস্কার কে প্রাধান্য দিতে হবে। প্রকল্পের ক্ষেত্র দ্রুততার সাথে প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে। সবুজ পাতায় অন্তর্ভুক্ত করার পরপরই প্রকল্পের ফোকাল পয়েন্ট নির্ধারণ করতে হবে।

২.৩ সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) জানান যে, Five Year Strategic Framework তৈরীর কাজ শুরু হয়েছে। এক্ষেত্রে বিআইডিএস সহযোগিতা করছে। অর্থ বিভাগ যে macro model ব্যবহার করে তার ভিত্তিতেই Five Year Strategic Framework এর কাজ করা হচ্ছে। তিনি আরও জানান যে, Five Year Strategic Framework এর প্রথম খসড়ার ওপর ১৭ মে ২০২৬ তারিখে National Steering Committee এর সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

২.৪ সচিব, পরিকল্পনা বিভাগ জানান যে, পরিকল্পনা কমিশনের ৪টি সেক্টর/ডিভিশনে স্ব স্ব সেক্টরাল এ্যাকশন প্লান প্রণয়নের কাজ চলমান আছে। তথ্যের উপযোগিতা এবং ডাটা প্রাপ্তির সহজলভ্যতা নিশ্চিত করার লক্ষ্যে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কে আহবায়ক করে গঠিত কমিটির রিপোর্ট এখন পর্যন্ত পাওয়া যায়নি। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জানান যে, open government data প্রণয়নের ক্ষেত্রে যে দুর্বলতা রয়েছে তা চিহ্নিত করা এবং কিভাবে তা উত্তরণ করা যায় তার ওপর প্রতিবেদন

তৈরী করা হচ্ছে। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জানান যে, Population Projection এর কাজ শুরু হয়েছে। সভাপতি মহোদয় National Income Accounting এর কাজ দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।

২.৫ প্রধান, কার্যক্রম বিভাগ জানান যে, প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ নির্দেশিকার আলোকে সংশোধনের কাজ চলমান রয়েছে। নির্বাচনী ইশতেহারের সাথে সামঞ্জস্যপূর্ণ করার লক্ষ্যে তা সংশোধন করা হচ্ছে। সভাপতি মহোদয় জানান যে, প্রকল্প সবুজ পাতায় অন্তর্ভুক্ত করার আগেই প্রকল্পের ফোকাল পয়েন্ট নিয়োগ নিশ্চিত করতে হবে। Five Year Strategic Framework প্রণয়নের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কোন Input প্রদানের প্রয়োজন রয়েছে কিনা তা বিবেচনা করার জন্য সভাপতি সদস্য, জিইডি মহোদয়কে অনুরোধ জানান।

২.৬ Financial Sector Reform কিভাবে হবে, Fiscal Policy/Monetary Policy কিরকম হবে, কিভাবে তাদের মধ্যে harmonization হবে এ সংক্রান্ত তথ্য জিইডির নিকট বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদানের জন্য সভাপতি মহোদয় অনুরোধ জানান। ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক জানান যে, central banking concept-এ পরিবর্তন আনার কাজ চলছে। সেটা হলো Regional Central Banking for Regional Economic Development অর্থাৎ প্রতিটি অঞ্চলের যে অর্থনৈতিক বৈশিষ্ট্য (economic characteristics) রয়েছে সে অনুযায়ী Financial Policy হওয়া উচিত। Potential Output এবং Actual Output এর মধ্যে যে ব্যবধান রয়েছে তা নিরুপন করা হবে। রপ্তানি আরও কিভাবে বৃদ্ধি করা যায় তা বিবেচনা করা হচ্ছে।

২.৭ বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পগুলো একনেক কর্তৃক অনুমোদনের পূর্বে ইআরডি প্রদত্ত তথ্যের (গ্রেস পিরিয়ড, সুদের হার ইত্যাদি) বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট উইংয়ের মতামত গ্রহণের বিষয়ে সচিব, পরিকল্পনা বিভাগ মতামত প্রদান করেন। তিনি বলেন যে, প্রকল্পের Return on Investmen এবং Value for Money ইত্যাদি হিসাবে নিয়ে প্রকল্প প্রণয়ন করা বাঞ্ছনীয়।

**৩.০ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১ Five Year Strategic Framework এর বিষয়ে ১২-১৪ মে ২০২৬ তারিখের মধ্যে advisory committee এর সভা আয়োজন করতে হবে।

৩.২ Five Year Strategic Framework এর বিষয়ে National Economic Council (NEC) সভার পূর্বে স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে।

৩.৩ Five Year Strategic Framework এর বিষয়ে আগামী National Economic Council (NEC) সভায় এর উপযোগিতা নিয়ে আলোচনা করতে হবে।

৪.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/০৫/২৬

**(রাশেদ আল মাহমুদ তিতুমীর)**
উপদেষ্টা
অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়

পরিশিষ্ট-ক

## আলোচনা সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর<br>মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ১২ মে ২০২৬, বেলা ২:৩০ ঘটিকায় |
| স্থান | : | নাজিয়া সালমা ভবনের (১৯ নম্বর ভবন) সভা কক্ষ |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | ড. নেয়ামত উল্লা ভূঁইয়া, সদস্য (সিনিয়র সচিব) | ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | 019-1133 9988 | [signature] ১২/০৫/২৬ |
| ২. | ড. এ. কে এনামুল হক | মহাপরিচালক, বিআইডিএস | 01559831421 | [signature] |
| ৩. | ফিরোজা নার্গিস চৌধুরী, সচিব | SMED | 01712-762862 | [signature] |
| ৪. | ড. নুরুন্নাহার চৌধুরী, সদস্য (সচিব) | শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন | 01714-129266 | [signature] |
| ৫. | মো: ফিরোজ সরকার, সচিব | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | 01711-197088 | [signature] |
| ৬. | এস এম শাকিল আখতার, সচিব | পরিকল্পনা বিভাগ | [illegible] | [signature] ১২.৫.২০২৬ |
| ৭. | মসরুর রিয়াজ, সদস্য | আর্থ সামাজিক অবকাঠামো | 01789202967 | [signature] ১২/৫/২০২৬ |
| ৮. | মো: মীর হোসেন, অতিরিক্ত সচিব | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | 01552544428 | [signature] |
| ৯. | দিপংকর রায়, যুগ্মসচিব | SID | 01732363039 | [signature] |
| ১০. | মোহাম্মদ ওবায়দুল ইসলাম, উপমহাপরিচালক | BBS | 01916215246 | [signature] |
| ১১. | মো: জালাল উদ্দিন, পরিচালক | বাংলাদেশ ব্যাংক | 01746603686 | [signature] |
| ১২. | উম্মে সালমা, যুগ্মপ্রধান | কার্যক্রম বিভাগ | 01711573691 | [signature] |
| ১৩. | নাদিয়া ফারজানা, উপপ্রধান | কার্যক্রম বিভাগ | 01712040166 | [signature] |
| ১৪. | মো: মাহমুদুল হোসাইন খান, সদস্য | কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান | 01815-402551 | [signature] |
| ১৫. | নূর আহমেদ, প্রধান | PID | 01712525002 | [signature] |
| ১৬. | মো: বাবুল মিঞা | AWRRI DIV | 01819250555 | [signature] |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
| --- | --- | --- | --- | --- |
| ১৭. | মো: [illegible] মোমিন প্রধান | শিল্প ও শক্তি বিভাগ | 01711132742 | [illegible] |
| ১৮. | ড. অরুন কুমার দেব রায় প্রধান | GED | 01715631899 | [illegible] |
| ১৯. | আর মো: বেলাল উদ্দিন প্রধান | SEID | | [illegible] |
| ২০. | মুহম্মদ রেহান রহমান প্রধান | কার্যক্রম বিভাগ | 01713090926 | [illegible] |
| ২১. | ড. মো: আবুল কাশেম সহ: প: মহাপরিচালক | IMED | 01727654771 | [illegible] |
| ২২. | মাহবুবুর রহমান যুগ্মপ্রধান | কার্যক্রম বিভাগ | 01711409226 | [illegible] |
| ২৩. | মোল্লা মোহাম্মদ আনিসুজ্জামান যুগ্মপ্রধান | ,, | 01918958563 | [illegible] |
| ২৪. | আবদুল্লাহ [illegible] ADD, BB [illegible] | বাংলাদেশ ব্যাংক | 01917310305 | [illegible] |
| ২৫. | রিদওয়ানুল করিম | বাংলাদেশ ব্যাংক | 01716849359 | [illegible] |
| ২৬. | এ, আবু, আমিনুল হ., সিনিয়র আফিস উপমহাপরিচালক | SDBM, কার্যক্রম বিভাগ | 01819221941 | [illegible] |
| ২৭. | | | | |
| ২৮. | | | | |
| ২৯. | | | | |
| ৩০. | | | | |
| ৩১. | | | | |
| ৩২. | | | | |
| ৩৩. | | | | |
| ৩৪. | | | | |